



তথ্যবিবরণী

নম্বর-০৬

ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান কার্যক্রমের উদ্বোধন উপলক্ষ্যে জেলা প্রশাসনের প্রেসব্রিফিং

রাজশাহী ; ০৪ শ্রাবণ (১৯ জুলাই) :

আগামী ২১ জুলাই বৃহস্পতিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারুয়ালি যুক্ত হয়ে সারাদেশে ৩য় পর্যায়ের দ্বিতীয় ধাপে ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে জমি ও গৃহ প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করবেন।

এ উপলক্ষ্যে রাজশাহী জেলা প্রশাসন আজ (১৯ জুলাই) জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে প্রেসব্রিফিং এর আয়োজন করে।

প্রেস ব্রিফিং এ জেলা প্রশাসক আব্দুল জলিল বলেন, মুজিব শতবর্ষে প্রধানমন্ত্রী ঘোষণা দিয়েছিলেন একজন মানুষও গৃহহীন থাকবে না। সে লক্ষ্যে তৃতীয় পর্যায়ের দ্বিতীয় ধাপে সারাদেশে ২৬ হাজার ৩৯০টি ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান হবে।

রাজশাহী জেলার ভূমি ও গৃহ প্রদানের অবস্থা জানাতে গিয়ে জেলা প্রশাসক বলেন, এ জেলায় হালনাগাদকৃত ভূমি ও গৃহহীন পরিবারের সংখ্যা ৪ হাজার ৩২১টি। এর মধ্যে প্রথম পর্যায়ে ৬৯২টি, দ্বিতীয় পর্যায়ে ৮৫৪টি, তৃতীয় পর্যায়ের প্রথম ধাপে ১ হাজার ১৪৯টি ঘরের চাবিসহ দুই শতক জমি হস্তান্তর করা হয় এবং তৃতীয় পর্যায়ের দ্বিতীয় ধাপে রাজশাহী জেলায় ১৭৫টি ঘরের চাবি হস্তান্তর করা হবে।

তিনি বলেন, তৃতীয় পর্যায়ের দ্বিতীয় ধাপে পবা উপজেলায় ১০টি, মোহনপুর উপজেলায় ১০টি, তানোর উপজেলায় ১৭টি, গোদাগাড়ী উপজেলায় ১৮টি, পুঠিয়া উপজেলায় ১৭টি, দুর্গাপুর উপজেলায় ২৫টি, চারঘাট উপজেলায় ৩৩টি, বাঘা উপজেলায় ৩০টি এবং বাগমারা উপজেলায় ১৫টি পরিবার জমি ও গৃহ পাবে।

অবশিষ্ট এক হাজার ৪৫১টি পরিবারকে এই বছরের মধ্যেই পুনর্বাসন করা হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

জেলা প্রশাসক আরও জানান, ঐদিন বাঘা, চারঘাট ও মোহনপুর এই ০৩টি উপজেলাকে ভূমিহীন-গৃহহীন মুক্ত ঘোষণা করা হবে। অনুষ্ঠানে জেলা প্রশাসনের কর্মকর্তাগণ এবং রাজশাহীতে কর্মরত বিভিন্ন ইলেক্ট্রনিক্স ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদুজ্জামান/ রুহুল/হালিম/২০২২/১৫.২০ ঘ.